## Weekly Current Affairs – 15th – 21st July' 2025

### জাতীয় ঘটনাবলি

1. স্বাস্থ্যগত কারণ দেখিয়ে সহ-রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করলেন জগদীপ ধনখড়। তিনি তাঁর পদত্যাগপত্র রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কে প্রেরণ করেছেন।
2. ভারতের প্রথম পুলিশ স্টেশন হিসেবে IS/ISO 9001:2015 Quality Management System Certification পেল কেরালার আর্জুনকাল পুলিশ স্টেশন।
3. ভারতের প্রথম AI Campus খোলা হচ্ছে অন্ধ্রপ্রদেশে।
4. ঐতিহ্যবাহী Behdienkhlam নৃত্য উৎসব পালিত হয় মেঘালয়ে।
5. ভারতের প্রথম Digital Nomad Village হিসেবে স্বীকৃতি পেল সিকিমের ইয়াকতেন গ্রাম। (নোম্যাড সিকিম উদ্যোগের আওতায় সিকিমের পাকিয়ং জেলার ইয়াকটেন গ্রামকে আনুষ্ঠানিকভাবে ভারতের প্রথম ডিজিটাল যাযাবর গ্রাম হিসেবে ঘোষণা করা হয়েছে)।
6. সোনাপুরের বাগিবাড়িতে ভারতের প্রথম Aqua Tech Park -এর উদ্বোধন করলেন আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। এই পার্কটি মাছ চাষীদের অ্যাকোয়াপনিক্স, বায়োফ্লক এবং শোভাময় মাছ প্রজননের মতো নতুন প্রযুক্তি সম্পর্কে জানতে সাহায্য করবে। এই উদ্যোগের লক্ষ্য রাজ্যে মাছ উৎপাদন বৃদ্ধি এবং কৃষকদের আয় বৃদ্ধি করা।
7. সম্প্রতি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের মর্যাদা পেল 12 টি ঐতিহাসিক মারাঠা দুর্গ। মহারাষ্ট্র এবং তামিলনাড়ু রাজ্য জুড়ে বিস্তৃত, নির্বাচিত স্থানগুলির মধ্যে রয়েছে মহারাষ্ট্রের সালহের, শিবনেরি, লোহগড়, খান্ডেরি, রায়গড়, রাজগড়, প্রতাপগড়, সুবর্ণদুর্গ, পানহালা, বিজয়দুর্গ এবং সিন্ধুদুর্গ, এবং তামিলনাড়ুর জিঞ্জি দুর্গ। সতেরো থেকে উনিশ শতাব্দী পর্যন্ত বিস্তৃত, বারোটি দুর্গের এই অসাধারণ নেটওয়ার্কটি মারাঠা সাম্রাজ্যের কৌশলগত সামরিক দৃষ্টিভঙ্গি এবং স্থাপত্য দক্ষতার প্রতিফলন ঘটায়। (ভারতের 44 টি স্থান ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য তালিকায় রয়েছে।)
8. বিশ্বে প্রথমবারের মতো International Manuscript Heritage Conference আয়োজন করবে ভারত।
9. এই বৈঠক 11 থেকে 13 সেপ্টেম্বর 2025 তারিখে নয়াদিল্লির ভারত মণ্ডপে অনুষ্ঠিত হবে। পাণ্ডুলিপি ঐতিহ্যের উপর এই প্রথম সম্মেলনটি তিন দিন ধরে হাইব্রিড মোডে অনুষ্ঠিত হবে, 1893 সালের 11 সেপ্টেম্বর বিশ্ব ধর্ম সংসদে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণের সম্মানসূচক স্মরণে আয়োজন করা হচ্ছে।
10. হরেলা উৎসবে 5 লক্ষেরও বেশি চারা রোপণ করবে উত্তরাখণ্ড। হরেলা উৎসব মূলত ভারতের উত্তরাখণ্ড রাজ্যে পালিত হয়। এটি উত্তরাখণ্ডের কুমায়ুন অঞ্চলের কৃষি ঐতিহ্যের গভীরে প্রোথিত একটি ঐতিহ্যবাহী উৎসব। এই উৎসব হিন্দু শ্রাবণ মাসে বর্ষা ঋতুর সূচনা এবং বীজ বপনের চক্রকে চিহ্নিত করে।
11. Handball Association of India -এর সাথে MoU স্বাক্ষর করল ভারতীয় ব্রডকাস্ট সংস্থা প্রসার ভারতী। ভারতে হ্যান্ডবল খেলার প্রচারে কাজ করবে এই দুটি সংস্থা।
12. সম্প্রতি রাজ্যসভায় চারজন সদস্যকে মনোনীত করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তাঁরা হলেন- উজ্জ্বল নিকম, প্রাক্তন বিদেশ সচিব হর্ষ শ্রিংলা, সমাজকর্মী ও শিক্ষাবিদ সি সদানন্দন মাস্টার এবং বিশিষ্ট ইতিহাসবিদ ডঃ মীনাক্ষী জৈন। (26/11 হামলার সন্ত্রাসী আজমল কাসাবের বিচার মামলার প্রসিকিউটর ছিলেন উজ্জ্বল নিকম)।
13. বিশ্বের প্রথম Traditional Knowledge Digital Library চালু করল ভারত। এই প্ল্যাটফর্মে আয়ুর্বেদ, সিদ্ধা এবং সোওয়া-রিগপার মতো সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে,এর লক্ষ্য প্রাচীন স্বাস্থ্য অনুশীলন সংরক্ষণ করা এবং ভবিষ্যতের গবেষণাকে সমর্থন করা। ভারত ঐতিহ্যবাহী চিকিৎসা ব্যবস্থার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) চালিত গ্রন্থাগার তৈরি করেছে প্রাচীন স্বাস্থ্য জ্ঞানকে ডিজিটালাইজ করার ভারতের পদক্ষেপকে সমর্থন করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
14. কর্নাটকের রায়চুর জেলার মাস্কি শহরে চার হাজার বছরের পুরনো সভ্যতার নিদর্শন পাওয়া গেল।
15. 75th Pradhan Mantri Divyasha Kendra (PMDK) উদ্বোধন করা হল উত্তরপ্রদেশের বাদাউনে।
16. প্রক্রিয়াজাত আলু উৎপাদনে ভারতে শীর্ষস্থান দখল করল গুজরাট।
17. কর্ণাটকের শিবমোগ্গায় সরাবতী নদীর ওপর ভারতের দ্বিতীয় দীর্ঘতম Cable-Stayed Sigandur সেতুর উদ্বোধন করলেন কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি।
18. পশুপালন ও হাঁস-মুরগি পালনকে কৃষিক্ষেত্রের মর্যাদা দিল মহারাষ্ট্র।
19. চারজন IAS অফিসারকে সরকারী মুখপাত্র হিসেবে নিযুক্ত করল তামিলনাড়ু সরকার।

EDUTOUCH - 9123648141

## আন্তর্জাতিক ঘটনাবলি

1. ইউক্রেনের নতুন প্রধানমন্ত্রী হলেন 39 বছর বয়সী ইউলিয়া সভিরিডেনকো। তিনি একজন অর্থনীতিবিদ এবং অভিজ্ঞ টেকনোক্র্যাট যিনি 2021 সাল থেকে প্রথম উপ-প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছিলেন।
2. সম্প্রতি সৌদি আরবের Long-Term Fertilizer Supply Agreements স্বাক্ষর করল ভারত।
3. সম্প্রতি ইউনেস্কো হেরিটেজ মর্যাদা পেল কম্বোডিয়ার 'Khmer Rouge Torture Sites'.
4. Talisman Sabre 2025 নামক সেনা মহড়া আয়োজিত হচ্ছে অস্ট্রেলিয়ায়। ভারতসহ 18 টি দেশ এই সেনা মহড়ায় অংশগ্রহণ করেছে।
5. Patriot Air Defense Missile System তৈরি করল আমেরিকা।
6. ভারতের নিকট ব্রহ্মপুত্র (চীনা ভাষায় এই নদীর নাম Yarlung Tsangpo) নদীর উপর বিশ্বের বৃহত্তম বাঁধ নির্মাণ শুরু করেছে চীন।
7. 'Dror-1' নামে Advanced Communication Satellite সফলভাবে উৎক্ষেপণ করল ইজরায়েল।
8. জাপানের টোকিওতে India Trend Fair 2025-এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং।

## নিয়োগ

1. US-India Strategic Partnership Forum (USISPF) -এর Board of Directors and Executive Committee-র সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন Aditya Birla Group-এর চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা।
2. COAI Chairperson হিসেবে পুনরায় নির্বাচিত হলেন Vodafone Idea Chief Operating Officer অভিজিৎ কিশোর। COAI এর পূর্ণরূপ হল সেলুলার অপারেটরস অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া। (এটি একটি বেসরকারি বাণিজ্য সংস্থা এবং ভারতীয় টেলিযোগাযোগ শিল্পের উপর দৃষ্টি নিবদ্ধকারী অ্যাডভোকেসি গ্রুপ। COAI 1995 সালে প্রতিষ্ঠিত হয়েছিল)।
3. National Medical Commission (NMC)-এর নতুন চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন ড. অভিজাত শেঠ।
4. Railway Protection Force (RPF) -এর প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল হিসেবে নিযুক্ত হলেন সিনিয়র IPS অফিসার সোনালী মিশ্র।
5. হরিয়ানার নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্ত হলেন অসীম কুমার ঘোষ।
6. গোয়ার নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্ত হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী পুষ্পাপতি অশোক গজপতি রাজু।
7. লাদাখের লেফটেন্যান্ট গভর্নর হিসেবে নিযুক্ত হয়েছেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী কবিন্দর গুপ্তা।
8. LIC -এর MD এবং CEO হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন আর. দোরাইস্বামী।
9. Hindustan Coca-Cola Beverages Pvt. Ltd-এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন হেমন্ত রূপানি।
10. Karnataka Bank -এর অন্তর্বর্তীকালীন MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন রাঘবেন্দ্র শ্রীনিবাস ভাট।
11. গুজরাটের GIFT City -এর নতুন MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন 2001 ব্যাচের কেরালা ক্যাডারের IAS অফিসার সঞ্জয় কৌল। (GIFT City = Gujarat International Finance Tec-City).
12. Sabyasachi Couture লাক্সারি ফ্যাশন হাউসের নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন Shein India-এর প্রাক্তন Executive মনীশ চোপড়া।
13. Hindustan Aeronautics Limited (HAL)-এর ডিরেক্টর (Engineering and R&D) হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন অজয় কুমার শ্রীবাস্তব।

## পুরস্কার

1. 2025 United Nations Population Award জিতলেন দলিত মহিলা বিকাশ মন্ডলের প্রতিষ্ঠাতা বর্ষা দেশপাণ্ডে। লিঙ্গ সমতা এবং প্রজনন অধিকার প্রচারে তার প্রচেষ্টার জন্য এই পুরস্কার পেলেন তিনি।
2. 'Hem Bahadur Malla Award 2080'-এ ভূষিত হলেন প্রাক্তন প্রধান বিচারপতি কল্যাণ শ্রেষ্ঠা।
3. 2025 PEN Pinter Prize জিতলেন সুদানী-স্কটিশ লেখিকা Leila Aboulela.
4. Kalinga Ratna Award 2024-এ সম্মানিত হলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।
5. সাহিত্য পুরস্কার 'সরলা সম্মান' পেয়েছেন বিজয়া নায়ক।
6. ভারতীয় মহিলা হকি ফরোয়ার্ড দীপিকা শেহরাবাত FIH হকি প্রো লিগে বর্তমানে বিশ্বের এক নম্বর টিম নেদারল্যান্ডসের বিরুদ্ধে তার দর্শনীয় একক গোলের জন্য পলিগ্রাস ম্যাজিক স্কিল অ্যাওয়ার্ড 2024-25 জিতেছেন।
7. Swachh Survekshan 2024-25 Awards -এ One-Million Population বিভাগে সবচেয়ে পরিষ্কার শহর হিসেবে তকমা পেল আহমেদাবাদ।


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com
EDUTOUCH-9123648141

## দিন/থিম

1. বিশ্ব যুব দক্ষতা দিবস পালন করা হয় 15 জুলাই; 2025 থিম হল- "Youth empowerment through AI and digital skills".
2. বিশ্ব আন্তর্জাতিক ন্যায় দিবস পালন করা হয় 17 জুলাই।
3. আন্তর্জাতিক নেলসন ম্যান্ডেলা দিবস পালন করা হয় 18 জুলাই; 2025 থিম- "It's still in our hands to combat poverty and inequity".
4. আন্তর্জাতিক দাবা দিবস পালন করা হয় 20 জুলাই। 1924 সালের 20 জুলাই প্যারিসের ফ্রান্সে FIDE প্রতিষ্ঠার স্মরণে এবং বিশ্বব্যাপী দাবা পরিচালনায় এর ভূমিকার স্বীকৃতিস্বরূপ এই দিবস পালিত হয়। এই দিবস পালনের মূল লক্ষ্য,দাবাকে একটি অন্তর্ভুক্তিমূলক এবং শিক্ষামূলক কার্যকলাপ হিসেবে প্রচার করা। [FIDE (Fédération Internationale des Échecs) -এর সদর দপ্তর সুইজারল্যান্ড-এর লুসানেতে অবস্থিত।]

## খেলাধুলা

1. ISSF World Cup 2027 এবং ISSF Junior World Championships 2028 হোস্ট করবে ভারত।
2. 10.18 সেকেন্ডে 100 মিটার দৌড় শেষ করে নতুন জাতীয় রেকর্ড গড়লেন ছত্তিশগড়ের স্প্রিন্টার অনিমেষ কুজুর।
3. ভারতের 87তম গ্র্যান্ডমাস্টার হয়েছেন চেন্নাইয়ের 23 বছর বয়সী দাবাড়ু হরিকৃষ্ণণ।
4. ICC T20 World Cup 2026 জন্য যোগ্যতা অর্জন করল ইতালি এবং নেদারল্যান্ডস। ইটালি প্রথমবারের মতো এই টুর্নামেন্টে খেলার যোগ্যতা অর্জন করল। 2026 সালে এই টুর্নামেন্ট আয়োজিত হবে যৌথভাবে ভারত ও শ্রীলঙ্কায়।
5. Washington Freedom কে পরাজিত করে দ্বিতীয় MLC শিরোপ জিতলো MI New York.
6. 2025 জুন মাসে ICC Men's Player of the Month Award জিতলেন দক্ষিণ আফ্রিকার Aiden Markram. ICC Women's Player Month Award জিতলেন ওয়েস্ট ইন্ডিজের Hayley Hews.
7. ওড়িশাকে পরাজিত করে 15th Hockey India Sub Junior Women National Championship 2025 জিতল ঝাড়খণ্ড।
8. ভারতীয় ক্রিকেট বোর্ডের (BCCI) বর্তমান সভাপতি রজার বিনি 19 জুলাই 70 বছর পূর্ণ করেন, বিসিসিআই সংবিধানে নির্দিষ্ট বয়সসীমার কারণে তার এই পদে থাকা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে।
9. সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন ওয়েস্ট ইন্ডিজের অলরাউন্ডার আন্দ্রে রাসেল।

## প্রকল্প/ পরিষেবা

1. ক্রমবর্ধমান মানুষ-হাতি সংঘাত বন্ধ করতে গজমিত্র প্রকল্প চালু করল আসাম সরকার।
2. শিল্প প্রতিযোগিতা, কর্মসংস্থান এবং জলবায়ু কর্মকাণ্ড বৃদ্ধি করতে ADEETIE (Assistance in Deploying Energy Efficient Technologies in Industries & Establishments) প্রকল্প চালু করল কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রণালয়ের অধিনস্ত সংস্থা Bureau of Energy Efficiency (BEE).
3. রাজ্যে উপজাতি সম্প্রদায়ের স্বাস্থ্যসেবা উন্নত করতে ভারতের প্রথম রাজ্য হিসেবে Tribal Genome Sequencing Project চালু করল গুজরাট।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. বিশ্বের প্রথম 4 ট্রিলিয়ন ডলার মূল্যের কোম্পানিতে পরিণত হল Nvidia.
2. ভারতের UPI পেমেন্ট, দৈনিক 640 মিলিয়ন লেনদেন পরিচালনা করে, যা ভিসাকে (VISA) অতিক্রম করে এক নম্বর পেমেন্ট পরিচালনাকারী সংস্থা হয়েছে। UPI ভারতের 85% ডিজিটাল পেমেন্ট এবং বিশ্বব্যাপী 60% ডিজিটাল পেমেন্টকে ক্ষমতা প্রদান করে, UPI বর্তমানে সাতটি দেশে পরিসেবা প্রদান করে।


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com

## বিবিধ

1. Global Tourism Economies 2024-25 তালিকায় ভারতের স্থান অষ্টম, শীর্ষে রয়েছে আমেরিকা। World Travel and Tourism Council (WTTC) এই রিপোর্ট প্রকাশ করে।
2. 2025 সালের প্রথম অর্ধবার্ষিকীর প্রকাশিত তথ্য অনুসারে, ভারতের সর্বাধিক দূষিত শহর হিসেবে প্রথম স্থানে রয়েছে মেঘালয়ের বাইরনিহাট, দ্বিতীয় স্থান পেয়েছে দিল্লী।
3. Zographetus Mathewi নামে নতুন একটি প্রজাপতির প্রজাতি আবিষ্কৃত হল কেরালার পশ্চিমঘাট পর্বতমালায়।
4. পশ্চিমবঙ্গে 8 টি নতুন প্রজাতির মাইক্রোস্কোপিক পরজীবী বোলতা আবিষ্কার করল Zoological Survey of India (ZSI).
5. ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের (EIU) গ্লোবাল লাইভেবিলিটি ইনডেক্স 2026 অনুসারে, ডেনমার্কের কোপেনহেগেন 2025 সালে বিশ্বের সবচেয়ে বাসযোগ্য শহর তালিকায় শীর্ষ স্থান পেয়েছে। তালিকায় সর্বনিম্ন স্থানে রয়েছে সিরিয়ার দামেস্ক শহর।
6. 57th International Chemistry Olympiad 2025 -এ ভারত পদক তালিকায় ষষ্ঠ স্থানে রয়েছে, ভারত 2 টি স্বর্ণ ও 2 টি রৌপ্য পদকসহ মোট 4 টি পদক জিতেছে। 5 থেকে 14 জুলাই দুবাইতে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
7. QS Best Student Cities Rankings 2026-এ বিশ্বের সবচেয়ে সাশ্রয়ী মূল্যের শিক্ষার্থী শহর হিসেবে স্থান পেল ভারতের রাজধানী দিল্লী।
8. QS Best Student Cities Ranking 2026-এ মুম্বাইয়ের স্থান 98; শীর্ষে রয়েছে দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউল।
9. Hurun India U30 2025 তালিকায় শীর্ষে রয়েছে Zepto-অনলাইন গ্রোসারি ডেলিভারি সংস্থার প্রতিষ্ঠাতা আদিত পলিচা এবং কৈবল্য ভোহরা।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 83 বছর বয়সে মারা গেলেন প্রবীণ তেলেগু অভিনেতা কোটা শ্রীনিবাস রাও।
2. সম্প্রতি 82 বছর বয়সে মারা গেলেন নাইজেরিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট Muhammadu Buhari.
3. সম্প্রতি 101 বছর বয়সে প্রয়াত হয়েছেন কেরালার প্রাক্তন মুখ্যমন্ত্রী ভি.এস. অচুতানন্দন। (তিনি 2006 থেকে 2011 সাল পর্যন্ত মুখ্যমন্ত্রী পদে ছিলেন)।
4. সম্প্রতি 114 বছর বয়সে প্রয়াত হলেন বিশ্বের সবচেয়ে বয়স্ক ম্যারাথন দৌড়বিদ ফৌজা সিং। তিনি টারবান টর্নেডো, রানিং বাবা, শিখ সুপারম্যান নামেও পরিচিত ছিলেন।

EDUTOUCH - 9123648141